

70th Anniversary of the Establishment of Diplomatic Relations between India and China

April 01, 2020

ভারত এবং চিনের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 70 তম বর্ষ পূর্তি

এপ্রিল 01,2020

এপ্রিল 1,2020 এ ভারতীয় প্রজাতন্ত্র এবং গণপ্রজাতন্ত্রী চিনের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 70 তম বর্ষ পূর্তি উপলক্ষে দুই দেশের মাননীয় রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং পররাষ্ট্রমন্ত্রী পারস্পারিক অভিনন্দন বার্তা বিনিময় করেছেন।

2. মাননীয় রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোভিন্দ চিনের রাষ্ট্রপতি জি জিনপিংকে লেখা তার চিঠিতে চিনের সরকার এবং জনগণকে উষ্ণ অভিবাদন, অভিনন্দন এবং শুভ কামনা জ্ঞাপন করেছেন এবং তিনি লক্ষ্য করেছেন যে বিশেষ করে বিগত কয়েক বছরে রাজনৈতিক, অর্থনৈতিক এবং জনগণের সাথে জনগণের বন্ধন সহ দ্বিপাক্ষিক সংযোগের বিভিন্ন ক্ষেত্রে দুই পক্ষের মধ্যে সন্তোষজনক অগ্রগতি ঘটেছে।

3. মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী চিনের প্রধানমন্ত্রী লি কেকিয়াংকে তার বার্তায় বলেছেন যে ভারত এবং চিন দুইটি প্রাচীন সভ্যতা যাদের মধ্যে শতাব্দী ধরে পরস্পরের উপকার হয় এমন বিনিময়ের দীর্ঘ ইতিহাস রয়েছে। আজ আমরা দুই বিশাল উন্নতিশীল দেশ এবং উত্থিত হচ্ছি এমন দুই অর্থনৈতিক শক্তিতে যাদের ভূমিকার গুরুত্ব বিশ্বচিত্রে ক্রমাগত বাড়ছে। ভারত এবং চিনের মধ্যে ভাল সম্পর্ক শুধুমাত্র আমাদের দেশের পক্ষেই সহায়ক নয় তা আমাদের অঞ্চল এবং বিশ্বের শান্তি, স্থিতিশীলতা এবং সমৃদ্ধির ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ। প্রধানমন্ত্রী লক্ষ্য করেছেন যে কোভিড-19 অতিমারি পরস্পরের সাথে যুক্ত আজকের বিশ্বের কথা আমাদের স্মরণ করায় এবং সেই কারণে এর বিরুদ্ধে মোকাবিলা করার জন্য বিশ্বব্যাপী একযোগে প্রকৃত উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন এবং আমাদের দুই দেশের মধ্যে নিকট উন্নয়নমূলক অংশীদারিত্বকে আরও গভীরতর এবং শক্তিশালী করার জন্য এবং আগামী বছরগুলিতে তা আরও উচ্চতর পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য তিনি চিনের প্রধানমন্ত্রীর সাথে একযোগে কাজ করার ব্যাপারে প্রত্যাশা করে আছেন।

4. মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর চিনের বিদেশমন্ত্রিকে লেখা তার চিঠিতে মন্তব্য করেছেন যে গত সাত দশকে ভারত ও চিনের মধ্যে সম্পর্ক পর্যাপ্ত প্রসারিত হয়েছে এবং তা ক্রমশ বৈচিত্রপূর্ণ এবং বহুমুখী হচ্ছে। তিনি আরও বলেছেন যে ঐতিহাসিক বর্ষপূর্তি উদযাপনের জন্য যে নানাবিধ

কাজকর্মের পরিকল্পনা করা হয়েছিল কোভিড-19 অতিমারির কারণে দুই পক্ষই তা সম্পন্ন করতে অসমর্থ হয়েছে। তা সত্ত্বেও আগামী মাসগুলিতে আমাদের উচিত সহযোগিতামূলক কাজ চালিয়ে যাওয়া এবং আমরা এবং বিশ্ব যখন কোভিড-19 অতিমারিকে নিয়ন্ত্রণ করতে সমর্থ হব তখন এই ঐতিহাসিক ঘটনা উদযাপন করব এমনভাবে যাতে তার প্রকৃত তাৎপর্য প্রতিফলিত হয় এবং তা দুই দেশের জনগণের কাছেই আকুল কামনার বিষয় হয়।

5. কোভিড-19 অতিমারির কারণে ভারত ও চীন দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 70 তম বর্ষ পূর্তি উদযাপন উপলক্ষে যে নানাবিধ কাজকর্মের পরিকল্পনা করা হয়েছিল তার প্রস্তুতি নিতে এবং তা সম্পন্ন করতে এখনও সমর্থ হয়ে উঠতে পারা যায় নি। যদিও কোভিড-19 অতিমারির সংক্রমণের কারণে উদ্ভূত হতবুদ্ধিকর পরিস্থিতির চ্যালেঞ্জের সম্মুখীন হয়ে চলেছে দুই দেশ তা সত্ত্বেও তারা এই ঐতিহাসিক স্মৃতি উৎসব পালনের জন্য ধারাবাহিকভাবে আলোচনায় নিযুক্ত রয়েছে যাতে এর তাৎপর্যের প্রকৃত প্রতিফলন ঘটে এবং তা দুই দেশের জনগণের কাছে আকুল কামনার বিষয় হয়ে ওঠে। দুই পক্ষই বর্তমানে যুগ্মভাবে একটি লোগোর নকশা করছে যাতে তা এই উদযাপনের বৈশিষ্ট্য হয়ে ওঠে।

নিউ দিল্লি

এপ্রিল 01,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.